

## শিক্ষা ব্যবস্থার মধ্যে বৈষম্য মাদ্রাসা শিক্ষার প্রতি অনীহা সৃষ্টি করছে - ছাত্রশিবির

শ্রেণি বিচ্ছিন্নি : বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির কেন্দ্রীয় কার্যকরী পরিষদের প্রথম সাধারণ অধিবেশনে দেশের শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষাদানে বিরাজমান অব্যবস্থার উপর ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। এ আলোচনার পর সভায় বক্তারা বলেন, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির-এর কার্যকরী পরিষদ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমান ধর্মহীন ও সহ-শিক্ষার কারণে কলেজ, বিশ্ববিদ্যালয়ে ছাত্র কর্তৃক ছাত্রী এবং শিক্ষক কর্তৃক শিক্ষার্থী অহরহ লাঞ্চিত হচ্ছে, সুনির্দিষ্ট নীতিমালা না থাকার কারণে হাত নেট দেয়া ও প্র্যাকটিক্যাল নাথার-এর নামে হয়রানির শিকার হচ্ছে সাধারণ ছাত্র-ছাত্রীরা, নৈতিক শিক্ষা না থাকায় পাবলিক পরীক্ষাগুলোতে চলছে নকলের মহোৎসব।

সভায় আরো বলা হয়,

ছাত্রশিবিরে ৮ম শ্রেণী পর্যন্ত পাঠ্য পুস্তক বিনামূল্যে দেয়া হলেও মাদ্রাসাগুলোতে তা দেয়া হয় না। আলিম শ্রেণীকে এইচএসসি সমমান দেয়া হলেও কোন ভর্তি পরীক্ষা বা পেশাগত পরীক্ষায় সে মানের কোন প্রশ্ন করা হয় না। আবার কোরআন-হাদীসের পাশাপাশি মাদ্রাসার ফাজিল, কামিল শ্রেণীতে কলেজের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর সমমান না থাকায় প্রকল্প ছাত্র-কলেজ, এইচএসসি-এর মান-পাওয়া চরম বৈষম্যের শিকার হয়ে মাদ্রাসা শিক্ষার প্রতি তৈরী হচ্ছে অনীহা ও ক্ষোভ।